শিক্ষাবর্ষ ২০২৫




# হাশিমিয়া ইন্টারন্যাশনাল একাডেমী

**ইসলামিক ভাবাদর্শে বালকদের একটি উচ্চমানের আবাসিক শিক্ষা প্রতিষ্ঠান (উঃ মাঃ)**




Contact with us
8001559185/9564948722

Visit our website
www.hashimiainternationalacademy.com

Mail us
hashimiainternationalacademy@gmail.com

Mallickpur, Haroa, North 24 Parganas, Kolkata, Pin- 743425

# পরিচালক মন্ডলীর কলম

আসসালামু আলাইকুম,

অশেষ দয়াময় মহান আল্লাহ পাকের রহমতে এবং অগণিত শিক্ষা দরদী শুভাকাঙ্ক্ষী ও সমাজকর্মী মানুষদের নৈতিক আদর্শকে পাথেয় করে সমাজ গড়ার লক্ষ্যে 'হাশিমিয়া ইন্টারন্যাশনাল অ্যাকাডেমী (উঃ মাঃ)', নাম ধারণ করে ভারতের পশ্চিমবঙ্গ রাজ্যের, উত্তর চব্বিশ পরগনা জেলার, হাড়োয়া থানার অন্তর্গত মল্লিকপুর গ্রামে পথচলা শুরু করে ২০১২ সাল থেকে। দেশ ও মানুষ গড়ার লক্ষ্যে ইসলামিক ভাবাদর্শের মধ্যে দিয়ে প্রকৃত মূল্যবোধ ও যুক্তিবাদী বিজ্ঞানসম্মত শিক্ষার বিস্তারই এই শিক্ষা প্রতিষ্ঠানের সবথেকে বড় লক্ষ্য।

যখন আধুনিক শিক্ষার অবক্ষয় দেখা দিয়েছে, তখন মানুষকে নতুনভাবে মূল্যবোধের বিকাশ ও নৈতিক শিক্ষা দিয়ে বাঁচার প্রেরণা জাগানোর প্রচেষ্টায় সদা সতর্ক এই প্রতিষ্ঠান।

পাঁচ ওয়াক্ত নামাজ, কোরআন তেলাওয়াত ও আধুনিক বিজ্ঞানমুখী শিক্ষার সঙ্গে ধর্মের মেলবন্ধন ঘটিয়ে ইহলৌকিক ও পারলৌকিক জীবনকে সুষ্ঠুভাবে পরিচালিত করতে বদ্ধপরিকর আমাদের প্রতিষ্ঠান।

কবিগুরুর কথাকে পাথেয় করে বলতে পারি "তাকেই বলি শ্রেষ্ঠ শিক্ষা, যা কেবল তথ্য পরিবেশন করে না, যা বিশ্ব সত্ত্বার সাথে সামঞ্জস্য রেখে আমাদের জীবনকে গড়ে তোলে।" যা মাথা উঁচু করে বাঁচতে শেখায় তা দিতে পারে ইসলামিক ভাবাদর্শের শিক্ষা। এই কর্মযজ্ঞ কে বাস্তবে রূপ দেয়ার জন্য সর্বদা মন প্রাণ দিয়ে কর্মে লিপ্ত হয়ে আছেন আমাদের সুযোগ্য পরিচালন সমিতি, শিক্ষক বৃন্দ, শিক্ষা সহায়ক কর্মী, অশিক্ষক কর্মীবৃন্দ, শিক্ষা সংগঠন, সমাজসেবী সংস্থা ও সুপরামর্শদাতা গণ।

অল্প সময়ের মধ্যে আমাদের প্রতিষ্ঠান যেভাবে NEET, হিফজ ও পশ্চিমবঙ্গ শিক্ষা পর্ষদের শিক্ষা ব্যবস্থাকে কার্যকরী করে শিক্ষার্থীদের পূর্ণ বিকাশের সহায়ক হয়ে উঠতে সাহায্য করেছে, তা আজ সত্যিই অন্য প্রতিষ্ঠানের কাছে ঈর্ষণীয়।

ডিজিটাল ক্লাসরুম, প্রজেক্টর ও উন্নত মানের ল্যাবরেটরির সহায়তা নিয়ে আমাদের প্রতিষ্ঠান শিক্ষার্থীদের মধ্যে আধুনিক শিক্ষার প্রসার ঘটিয়ে জীবনে চলার পথকে সহজ করে চলেছে।

মনীষীর ভাষায়, "মনকে রাশি রাশি তথ্য দিয়া ভরিয়া রাখার নাম শিক্ষা নয়, মন রূপ যন্ত্রটি কে সুষ্ঠতর করিয়া তোলা এবং উহাকে সম্পূর্ণ বশীভূত করা - ইহাই হইলো শিক্ষার আদর্শ।"

এমনই নানাবিধ প্রেরণামূলক বক্তব্যের মধ্য দিয়ে ও শ্রেণিকক্ষে অভিভাবক আলোচনা সভায় সমাজকে সুষ্ঠু পথে পরিচালিত হতে সহায়তা করে চলেছে আমাদের শিক্ষক ও পরিচালন সমিতি।

এই কয়েক বছর পথ চলার মধ্য দিয়েই আমাদের প্রতিষ্ঠান প্রমাণ করে দিতে পেরেছে যে 'শিক্ষা জাতির মেরুদন্ড'। আমাদেরই শিক্ষার্থীরা আজ অনেকেই সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে কর্মরত এবং অনেকেই ডাক্তারি পাঠরত। মেরুদন্ড সোজা করে দাঁড়াতে শিখে গেছে তারা।

তবুও লক্ষ্যে পৌঁছাতে এখনো অনেক কাজ অসম্পূর্ণ রয়েছে আমাদের, যার ভবিষ্যৎ পূর্ণতায় আমরা সম্পূর্ণ আশাবাদী। সর্বশক্তিমান মহান আল্লাহ পাকের অফুরান রহমত বর্ষণে ও সকলের পূর্ণ সহযোগিতায় আমাদের সমস্ত লক্ষ্য সার্থক হবে, এই ইচ্ছা প্রকাশ করি, ইনশাল্লাহ।



**Roshan Zameer**
President, HIA



**Akbar Ali**
Secretary, HIA



**Mofassar Hossain**
Superintendent, HIA



# আমাদের পরিষেবা

## ● পঞ্চম থেকে দ্বাদশ শ্রেণি

- পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদ এবং উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সিলেবাস অনুযায়ী সম্পূর্ণ আবাসিক রেখে কেবলমাত্র ছাত্রদের পড়ানো হয়।
- নবম, দশম, একাদশ ও দ্বাদশ শ্রেণির NEET ফাউন্ডেশন কোর্সের উপযুক্ত ব্যবস্থা আছে।

## ● NEET বিভাগ ও ইংলিশ মিডিয়াম

- শাহীন গ্রুপ অফ ইনস্টিটিউশনস (বিদার, কর্ণাটক) এর তত্ত্বাবধানে NEET কোচিং সেন্টার হাশিমিয়া'স শাহীন অ্যাকাডেমী।
- ছাত্র ও ছাত্রী উভয়ের পৃথক হোস্টেলের সুব্যবস্থা।
- CBSE ক্যারিকুলামের মাধ্যমে XI, XII বিজ্ঞান বিভাগের পঠন পাঠনের সুব্যবস্থা।

## ● হাফেজী বিভাগ

যে সমস্ত ছাত্রদের বয়স ১০বছরের উর্দ্ধে, তাদের হাফেজী পড়ার সাথে সাথে মধ্যশিক্ষা পর্ষদের সিলেবাস অনুযায়ী ভর্তি করিয়ে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক পাশ করানো হবে। ছাত্ররা যাতে ভবিষ্যতে ডাক্তার, অধ্যাপক, আইনবিদ, প্রশাসক পদে অধিষ্ঠিত হয়ে নিষ্ঠার সাথে দেশ ও দশের সেবায় নিবেদিত প্রাণ হতে পারে, এই মহৎ উদ্দেশ্যে এই কোর্সের সূচনা।

যারা ঈমান এনেছে এবং নেক কাজ করেছে তুমি তাদেরকে সুসংবাদ দাও যে, তাদের জন্য রয়েছে জান্নাতসমূহ।
- সূরা আল-বাকারাহ ২:২৫



## একাডেমীর মূললক্ষ্য

- ইসলামিক ভাবাদর্শের মধ্য দিয়ে আধুনিক শিক্ষাকে সমাজের প্রতিটি স্তরে পৌছে দেওয়া এবং ছাত্রদের আদর্শ মানুষ ও নাগরিক হিসাবে সমাজের কাছে প্রতিষ্ঠিত করা।
- পিছিয়ে পড়া সংখ্যালঘু সমাজ সহ সমগ্র সমাজের কল্যাণে ছাত্রদের সেবামূলক কাজকর্মে উৎসাহিত করা।
- গরীব, দুঃস্থ, মেধাবী ছাত্রদের স্কলারশিপের মাধ্যমে শিক্ষাদানের সুব্যবস্থা করা।

## একাডেমীর পরিকাঠামোগত বৈশিষ্ট্য

★প্রাচীর ঘেরা, শান্ত সবুজ, স্নিগ্ধ, মনোরম, পড়াশুনার উপযুক্ত পরিবেশ।
★প্রশস্ত শ্রেণিকক্ষ, নিরাপদ সুরক্ষিত আবাসিক ক্যাম্পাস।
★পরিস্কার-পরিচ্ছন্ন ও মার্জিত থাকার ব্যবস্থা।
★গার্জেনদের রাত্রি যাপনের জন্য গেস্টরুম ও নামাজ ঘরের ব্যবস্থা।
★ছাত্রদের দৈনন্দিন খেলাধূলার জন্য একাডেমীর সম্মুখেই সবুজ ঘাসে বিস্তৃত খেলার মাঠ।
★ছাত্রদের খাওয়ার জন্য সম্পূর্ণ আলাদা বিল্ডিং এর ব্যবস্থা।
★ছাত্রদের ওজু, গোসল ও নামাজের জন্য উপযুক্ত ব্যবস্থা।
★যোগ্য ডাক্তার দ্বারা ২৪ ঘন্টা সুচিকিৎসার ব্যবস্থা। ইমার্জেন্সী হলে পাশেই হাড়োয়া সরকারি প্রাথমিক হাসপাতাল।
★ছাত্রদের বই, খাতা, পেন ইত্যাদি প্রয়োজনীয় সমস্ত দ্রব্য একাডেমীর নিজস্ব স্টলে সর্ব সময় সুলভ মূল্যে পাওয়া যায়।

## পঠন-পাঠন বৈশিষ্ট্য

★দ্বীনি শিক্ষা সহ পশ্চিমবঙ্গ মধ্যশিক্ষা পর্ষদের শিক্ষা সংসদের পাঠ্যক্রম অনুযায়ী পঠন-পাঠন দেওয়া হয়।
★যোগ্য ও প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকমন্ডলীদ্বারা শিক্ষাদানের সুব্যবস্থা করা ।
★যোগ্য আরবি শিক্ষকমন্ডলী দিয়ে বিশুদ্ধ উচ্চারণে পবিত্র কুরান শরীফ পাঠ ও ইসলামের মৌলিক শিক্ষা দানের সুব্যবস্থা করা ।
★প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষক দিয়ে ছাত্রদের হাত ধরে কম্পিউটার শিক্ষা দেওয়া হয়।
★সাবলীল ভাবে ইংরাজীতে কথা বলার জন্য স্পোকেন ইংলিশ শিক্ষা দেওয়া হয়।
★কোচিং ক্লাসে ইংরাজী, অঙ্ক সহ বিজ্ঞান বিভাগে বিশেষ গুরুত্ব দেওয়া হয়।
★যোগ্য শিক্ষক দ্বারা উর্দু ক্লাস করানো হয়।
★গেমস এবং মার্শাল আর্টের যোগ্য শিক্ষক দিয়ে ক্লাস করানো হয়।
★ড্রয়িং ক্লাসের সুব্যবস্থা আছে।

আমার পরে সবচেয়ে বড় দানশীল সে, যে কোনো বিষয়ে জ্ঞান লাভ করে এবং তা সবার কাছে ছড়িয়ে দেয়। – (বায়হাকী)





## দৈনন্দিন কর্মসূচী

- ফজরের নামাজের জন্য ২০ মিনিট আগে ঘুম থেকে উঠে অজু করা।
- ফজরের নামাজ ভোর ৪ টা ৩০ মিনিটে।
- জিকিরের মজলিস ফজরের নামাজের পর ১০ মিনিট।
- লাইট টিফিন ফজরের নামাজের পর।
- আরবি ক্লাস সকাল ৫ টা থেকে ৬ টা পর্যন্ত।
- স্পেশাল কোচিং ও নিজস্ব পড়াশুনা সকাল ৬ টা থেকে ৯ টা পর্যন্ত।
- গোসল ও সকালের ভাত সকাল ৯ টা থেকে ৯:৪০ পর্যন্ত।
- একাডেমীর প্রার্থনা সকাল ৯ টা ৪৫ মিনিটে।
- প্রথম পিরিয়ড ১০টা থেকে ১০:৪৫ মিনিট।
- দ্বিতীয় পিরিয়ড ১০.৪৫ মিনিট থেকে ১১:৩০ মনিট।
- তৃতীয় পিরিয়ড ১১:৩০ মিনিট থেকে ১২:১৫ মিনিট।
- চতুর্থ পিরিয়ড ১২:১৫ মিনিট থেকে ০১:০০টা।
- ১:০০ টা থেকে ০১:১৫ টিফিন টাইম।
- পঞ্চম পিরিয়ড ০১:১৫ মিনিট থেকে ০১:৫৫ মিনিট।
- ষষ্ঠ পিরিয়ড ০১:৫৫ মিনিট থেকে ২:৩০ মিনিট।
- ২:৪৫ জোহরের নামাজ।
- ৩:১৫-৪:৩০ দুপুরের খানা ও বিশ্রাম।
- ৪:৩০-৫:৪৫ আসরের নামাজ ও বিকালের খেলাধূলা।
- ৫:৫০ বিকালের নাস্তা।
- সন্ধ্যা ৬ টা থেকে রাত ৯ টা পর্যন্ত কোচিং।
- রাত ৯:১৫ ঈশার নামাজ।
- ৯:৩০ রাতের খানা।
- রাত ১০:০০ লাইট অফ।

★ নামাজের সময় সূচী ঋতু অনুযায়ী পরিবর্তন হবে। ★

সর্বোত্তম জীবন পদ্ধতি হচ্ছে মুহাম্মদ সাঃ প্রদর্শিত পদ্ধতি। — সহীহ মুসলিম



# জাতীয় সঙ্গীত

জনগণমন অধিনায়ক জয় হে ভারত-ভাগ্য-বিধাতা
পাঞ্জাব সিন্ধু গুজরাট মারাঠা দ্রাবিড় উৎকল বঙ্গ
বিন্ধ্য হিমাচল যমুনা গঙ্গা উচ্ছল-জলধি-তরঙ্গ
তব শুভ নামে জাগে, তব শুভ আশিস মাগে,
গাহে তব জয়গাথা।
জনগণ-মঙ্গল-দায়ক জয় হে ভারত-ভাগ্য-বিধাতা
জয় হে, জয় হে, জয় হে, জয় জয় জয়, জয় হে।

# প্রার্থনা

অনন্ত অসীম প্রেমময় তুমি
বিচার দিনের স্বামী।
যত গুনগান হে চিরমহান,
তোমারি অন্তর্যামী।
দ্যুলোকে ভুলোকে সবারে ছাড়িয়া
তোমারি চরণে পড়ি যে লুটাইয়া
তোমারি সকাশে যাচিহে শকতি
তোমারি করুনাকামী

সরল সঠিক পুণ্যপন্থা
মোদেরও দাওগো বলি।
চালাও সে পথে, যে পথে তোমার
প্রিয়জন গেছে চলি
যে পথে তোমার চির অভিশাপ
যে পথে তোমার ভ্রান্তির চির-পরিতাপ।
হে মহা চালক, মোদেরে কখনও কোরোনা
সে পথগামী।

# একাডেমীর নিয়মাবলি

★ গুরুত্ব সহকারে ছাত্রদের পাঁচ ওয়াক্ত নামাজ জামাতের সহিত পড়তে হবে।
★ ইচ্ছাকৃত ভাবে একাডেমীর কোন সম্পত্তি নষ্ট করলে ক্ষতিপূরণ দিতে হতে পারে অথবা কর্তৃপক্ষ ঐ ছাত্রকে টি.সি দিতে পারে।
★ ছুটির দিন ছাড়া অন্য কোন দিন ক্লাস চলাকালীন কোন অভিভাবক একাডেমী ক্যাম্পাসে ঢুকতে পারবেন না।
★ একাডেমী নির্ধারিত পোশাক ছাড়া ছাত্ররা অন্য কোন পোশাক ব্যবহার করতে পারবে না।
★ নির্ধারিত ছুটি ছাড়া অন্য কোন কারণে ছুটি মঞ্জুর করা যাবে না। তবে অনিবার্য কারণে ছুটির প্রয়োজন হলে, অন্তত এক সপ্তাহ আগে প্রধান শিক্ষকের কাছে আবেদন করতে হবে।
★ শারীরিক অসুস্থতা ও কোন নিকট আত্মীয়ের মৃত্যুতে অনুমতি সাপেক্ষে ছুটি মঞ্জুর করা যেতে পারে। তবে ছুটির জন্য অবশ্যই প্রধান শিক্ষকের কাছে আবেদন করতে হবে।
★ ছুটির সময় নির্ধারিত দিনে নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই অভিভাবককে উপস্থিত হতে হবে এবং ছুটির শেষে নির্ধারিত দিনেই ছাত্রকে উপস্থিত করতে হবে, অন্যথায় দিন পিছু ৫০০ টাকা হারে ফাইন দিতে হবে।
★ ছাত্রদের সঙ্গে দেখা করার সময় (রবিবার সকাল ১০ টা থেকে বিকাল ৪টা পর্যন্ত) “ভিজিটিং কার্ড” আনতে হবে, অন্যথায় ছাত্রদের সঙ্গে দেখা করতে দেওয়া হবে না।
★ কোন ছাত্র নিজের কাছে নগদ টাকা রাখতে পারবে না। যদি কোন নগদ টাকা পাওয়া যায়, তবে তা বাজেয়াপ্ত করা হবে।
★ কোন ছাত্র মোবাইল ফোন, রেডিও, আইপড বা অন্য বিনোদন সামগ্রী যা কোন ছাত্রছাত্রীর কাছে রাখা কাম্য নয়, তা নিজের কাছে রাখতে পারবে না। যদি কারো কাছে এই ধরণের কোন সামগ্রী পাওয়া যায় তবে তা বাজেয়াপ্ত করা হবে।
★ ছাত্রসুলভ আচরণের পরিপন্থী কোন আচরণ করলে, সেই ছাত্রকে তিনবার সতর্ক করার পর তাকে একাডেমী থেকে বহিস্কার করা হবে।
★ বিনা অনুমতিতে কোন অভিভাবক ছাত্রদের হোস্টেল বিল্ডিং-এ প্রবেশ করতে পারবে না।
★ আগত অভিভাবকগণ খাওয়ার ইচ্ছা পোষণ করলে, একাডেমী অফিস থেকে কুপন সংগ্রহ করে ক্যান্টিনে জমা রাখতে হবে।
★ কোন ছাত্র অনুমতি ছাড়া একাডেমী ক্যাম্পাসের বাইরে যেতে পারবে না।
★ কোন ছাত্র কর্তৃপক্ষকে না জানিয়ে বাড়ি অথবা অন্য কোথাও গেলে সেই ছাত্রকে একাডেমী থেকে বহিস্কার করা হবে, তার দায়ভার একাডেমী কর্তৃপক্ষ নেবেনা।
★ কোন ছাত্র পাশ মার্কস না পেলে, পরের বছর তাকে একাডেমীতে রাখা সম্ভব হবে না।
★ RE-ADMISSION বা পরের বছর পুনরায় ভর্তি হওয়ার সময় অবশ্যই সেশন চার্জ দিতে হবে।
★ ভর্তি ফীর টাকা কখনো ফেরৎ হবে না।
★ মাসিক হোস্টেল ফিজ বারোমাস দিতে হবে।

যে আল্লাহর উদ্দেশ্যে বিনয়ী হয় আল্লাহ তারমর্যাদা বাড়িয়ে দেন। – মিশকাত

# ফিজের নিয়মাবলি

প্রতি মাসের হোস্টেল ফিজ ও অন্যান্য ফিজ ওই মাসের মধ্যে জমা করতে হবে। যদি কোনো কারণে ফিজ দেওয়ার শেষ তারিখ অতিক্রম করে,তবে মাসিক ১০০ টাকা ফাইন দিতে হবে। ফিজ জমা নেওয়া হবে সকাল ১০ টা থেকে বিকাল ৪ টা পর্যন্ত। দুই মাসের অধিক হোস্টেল চার্জ ও অন্যান্য ফিজ বাকি পড়লে ছাত্রকে মিশনে রাখা সম্ভব হবে না।

বি:দ্র: - ছাত্রদের মাহিনা ও অন্যান্য খরচাদি মিশনের অ্যাকাউন্টে জমা রাখতে পারবে এবং ব্যাঙ্কের রিসিভ কপি অবশ্যই মিশনের কাউন্টারে জমা করতে হবে।

## প্রবেশিকা পরীক্ষার বিষয়বলী

- ভর্তির ফর্ম জমা দেওয়ার শেষ তারিখ - ৫ নভেম্বর ২০২৪, বুধবার।
- ভর্তি পরীক্ষার তারিখ - ১০ নভেম্বর ২০২৪, রবিবার, সময় - দুপুর ১২টা।
- রেজাল্ট আউট - ১৫ নভেম্বর ২০২৪, শুক্রবার, কলম পত্রিকায় ও একাডেমীর নিজস্ব ওয়েবসাইড-এ।
- কাউন্সিলিং ও ভর্তি শুরু - ১৬ নভেম্বর ২০২৪ , শনিবার, সকাল ১০টায়, হাশিমিয়া ইন্টারন্যাশনাল একাডেমী ক্যাম্পাসে।

বিঃ দ্রঃ- ভর্তি পরীক্ষায় যারা বসতে পারবে না তাদের একাডেমীতে স্পট সিলেকশনের মাধ্যমে ভর্তি নেওয়া হবে।

## একাডেমীর পঠন-পাঠন বন্ধ থাকবে

প্রজাতন্ত্র দিবস - ২৬/০১/২০২৫
সবেবরাত - ১৪/০২/২০২৫
মিশনের প্রতিষ্ঠা দিবস - ১০/০৩/২০২৫
মহরম - ০৬/০৭/২০২৫
স্বাধীনতা দিবস - ১৫/০৮/২০২৫
শিক্ষক দিবস - ০৫/০৯/২০২৫
ফাতেহা দোয়াজ দাহাম - ০৪/০৯/২০২৫

## অভিভাবক সভা (রেজাল্ট পর্যালোচনা)

প্রথম অভিভাবক সভা - মে, ২০২৫
দ্বিতীয় অভিভাবক সভা - অক্টোবর, ২০২৫

# ফি-স্ট্রাকচার

| ক্লাস | ভর্তি-ফি | মাসিক-ফি | রি-এডমিশন |
|---|---|---|---|
| পঞ্চম-ষষ্ঠ শ্রেণি (V-VI) | 19250/- | 4200/- | 10250/- |
| সপ্তম-অষ্টম শ্রেণি (VII-VIII) | 20250/- | 4500/- | 10250/- |
| নবম-দশম শ্রেণি (IX-X) | 21250/- | 4800/- | 10250/- |
| একাদশ-দ্বাদশ শ্রেণি (XI-XII) | 22250/- | 5600/- | 10500/- |
| হাফেজী বিভাগ | 60,000/- | বছরে প্যাকেজ (তিনটি ইন্সটলমেন্ট) | |

পঞ্চম থেকে নবম শ্রেণির ছাত্ররা যদি বার্ষিক পরীক্ষায় ৯০% এর উপরে নম্বর পায়, রি-এডমিশন ফি -৭৫০০/- হবে।

| অন্যান্য খরচ | |
|---|---|
| ক্যারাটে ক্লাস বাৎসরিক ফি | 1200/- |
| ড্রয়িং ক্লাস বাৎসরিক ফি | 1200/- |
| ড্রেস ২সেট (পঞ্চম-দশম) | 2000/- |
| ড্রেস ২সেট (একাদশ-দ্বাদশ) | 2600/- |
| হাফেজী বিভাগের পাঞ্জাবি সেট | 1250/- |
| স্পোর্টস ড্রেস প্রতি সেট | 500/- |

সরকারি স্কুলের ভর্তি ফি জানিয়ে দেওয়া হবে

**ভর্তির সময় এক মাসের মাসিক ফিজ অগ্রিম দিতে হবে ও কোনো ভর্তি ফি বাকি রাখা যাবে না**

# ভর্তি সংক্রান্ত তথ্য

## ছাত্রদের বাড়ি থেকে যে দ্রব্য আনতে হবে

১। ছাত্রের কালো বেল্ট, কালো স্কুল সু, সাদা মোজা, নেভি ব্লু কালারের ফুলহাতা সোয়েটার।
২। টিনের বাক্স (২৮ সাইজের), প্লাস্টিকের র‍্যাক (তিন বা চার থাকের)।
৩। মশারী (৩ ফুট / ৭ ফুট), প্লাস্টিকের বালতি, মগ, থালা, গ্লাস।
৪। বালিশ, স্কুল ব্যাগ, শীতের পোশাক, বেডসীট, পানির পট, কম্বল, তোষক (২.৫ X ৬ ফুট)।

বি. দ্র. - লুঙ্গি ও চুস পাজামা পরিধান করা নিষেধ, টাইট জিন্স চলবে না।

### অন্যান্য পোশাক

**নামাজের জন্য**

১) সাদা পাজামা
২) সাদা পাঞ্জাবি
৩) সাদা টুপি
(সবই ১ সেট করে)।

**খেলাধুলার জন্য**

১) ট্রাক সুট
২) হাফ হাতা গেঞ্জি
৩) কেডস জুতো
৪) পায়ের মোজা ২ সেট।

## ভর্তি করতে ডকুমেন্টস লাগবে

**পঞ্চম - নবম শ্রেণি**

- ছাত্রের আধার, জন্ম সার্টিফিকেট জেরক্স - ৪কপি।
- ৪ কপি রঙিন ছবি (পাসপোর্ট সাইজ)।
- ২ কপি ব্যাঙ্ক অ্যাকাউন্ট জেরক্স (I.F.S.C. কোড সহ)।
- পিতা মাতার ছবি, আধার ও ভোটার কার্ডের জেরক্স - ২কপি।
- ট্রান্সফর সার্টিফিকেট (T.C.) অরিজিনাল কপি।

**একাদশ শ্রেণি**

- ছাত্রের আধার, জন্ম সার্টিফিকেট জেরক্স -৪কপি
- ৪ কপি রঙিন ছবি (পাসপোর্ট সাইজ)।
- ২ কপি ব্যাঙ্ক অ্যাকাউন্ট জেরক্স (I.F.S.C. কোড সহ)।
- পিতা মাতার ছবি, আধার ও ভোটার কার্ডের জেরক্স - ২কপি।
- মাধ্যমিক অ্যাডমিট জেরক্স - ২ কপি।
- মাধ্যমিক রেজিস্ট্রেশন জেরক্স - ২ কপি।
- ট্রান্সফর সার্টিফিকেট (T.C.) অরিজিনাল কপি।
- মাধ্যমিক পরীক্ষার মার্কসিট - ২কপি।
- মাধ্যমিক সার্টিফিকেট জেরক্স - ২কপি।

বি: দ্র: উপরের সমস্ত দ্রব্যাদি মিশনের স্টল থেকে সুলভ মূল্যে পাওয়া যাবে। খেলাধূলার জন্য ট্রাকসুট ও হাফহাতা গেঞ্জি অফিস থেকে নিতে হবে। সরকারি বই একাডেমি থেকে বিনামূল্যে পেয়ে যাবেন। বাকি বই মিশনের স্টল থেকে সুলভ মূল্যে কিনতে পারবেন।

যে আল্লাহর প্রতি ঈমান আনে, আল্লাহ তার অন্তরকে সৎপথে পরিচালিত করেন। - সূরা আত-তাগাবুন ৬৪:১১

# মাধ্যমিক, উচ্চমাধ্যমিক ও নীট রেজাল্ট - ২০২৪

## মাধ্যমিক রেজাল্ট - ২০২৪


JAHIDUR ISLAM
MARKS 612


MD IMRAN KHAN
MARKS 608


JAHIR MONDAL
MARKS 602


ADIL HOSEN KHAN
MARKS 578

## উচ্চ মাধ্যমিক রেজাল্ট - ২০২৪ (প্রথম ব্যাচ)


SAYAK AHAMED
MARKS 395


MD. SAHIN MIRAJ SANPUI
MARKS 395


MD MAHJA KARIM
MARKS 393


FARDIN AHAMED
MARKS 388

## NEET(UG) রেজাল্ট - ২০২৪


AKSHA PARVEEN
MARKS 635


SAISHTA KHATOON
MARKS 618


ABU SAYEED BAIDYA
MARKS 606


MUHUBULLAH LASKAR
MARKS 603






### পথ নির্দেশ

**ট্রেন:** শিয়ালদহ থেকে হাসনাবাদ গামী ট্রেনে হাড়োয়া রোড স্টেশনে নেমে হাড়োয়া গামী অটো বা ভ্যান যোগে মল্লিকপুর 'হাশিমিয়া ইন্টারন্যাশনাল একাডেমী'।

**বাস:** ডানকুনি টু হাড়োয়া বাসে চড়ে হাড়োয়া নেমে অটো বা ভ্যানে মল্লিকপুর 'হাশিমিয়া ইন্টারন্যাশনাল একাডেমী'। অথবা শ্যামবাজার থেকে ৯১ এ বাসে হাড়োয়া।